

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৩৬১

আগরতলা, ২৭ ডিসেম্বর, ২০২৩

ছবিমুড়া পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ বিকালে ছবিমুড়া পর্যটন কেন্দ্র পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে স্বাগত জানান গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, পর্যটন দপ্তরের অধিকর্তা তপন দাস, গোমতী জেলার পুলিশ সুপার নমিত পাঠক। গোমতী জেলা আরক্ষা বাহিনীর পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়।

ছবিমুড়া পরিদর্শনের পর রাজ্যপাল সাংবাদিকদের বলেন, ত্রিপুরাতে অনেকগুলি মনোরম পর্যটন কেন্দ্র রয়েছে। পর্যটন কেন্দ্রগুলির সৌন্দর্য তুলে ধরার পাশাপাশি স্থানীয় সংস্কৃতি, খাদ্য এবং স্থানীয় শিল্পীদের তৈরী পণ্যকেও সবার সামনে তুলে ধরতে হবে। বিশেষ করে বাঁশ বেতের তৈরী বিভিন্ন জিনিসপত্র এবং রাবার কাঠের তৈরী আসবাবপত্র। তিনি পর্যটকদের প্রতি আহ্বান জানান তারা যেন ত্রিপুরার মনোমুগ্ধকর পর্যটন কেন্দ্রগুলি পরিদর্শন করেন।

\*\*\*\*\*